দৈনিক সংবাদ

C19

তারিখ 18 MAR 1988 ... ৮ ... ৮
পৃষ্ঠা ... কলাম ...

# আটটি উপজেলায় ৩০ ভাগ শিশু শিক্ষা থেকে বঞ্চিত

কেশবপুর (যশোর), ১৫ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।-যশোর জেলার আটটি উপজেলায় ত্রিশ-ভাগ শিশু-কিশোরই প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। জেলা শিক্ষা পরিদপ্তর পরিচালিত বার্ষিক জরিপ রিপোর্টে এ তথ্য প্রকাশিত হয়েছে। জেলার অভয়নগর, কেশবপুর, চৌগাছা, বাঘারপাড়া, মনিরামপুর, যশোর সদর এবং শারসা উপজেলায় ছয় থেকে দশ বছরের বালক, বালিকার সংখ্যা ৩,১৪,৫০০। এর মধ্যে ১,৭৩,২১৮জন বালক-এবং ১,৪১,২৮২জন বালিকা। কিন্তু এই আটটি উপজেলার প্রায় দেড়হাজার সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে পড়াশুনা করছে ১,২৯,৪৩৯ জন বালক ও ১,০০,৭০৪জন বালিকা মিলিয়ে, মোট ২,৩০,১৪৩ জন। অর্থাৎ ৪৪,১৮০বালক ও ৪০,১৭৭বালিকা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা থেকে হচ্ছে বঞ্চিত। সরকারী হিসাব অনুযায়ী শতকরা ২৭.৭১% শিশু-কিশোর প্রাথমিক শিক্ষার সুযোগ পাচ্ছে না। বাস্তবে এই সংখ্যা আরো বেশী হবে বলে অভিজ্ঞ মহলের ধারণা।

এত অধিক সংখ্যক বিদ্যালয়ে গমনোপযোগী ছাত্র-ছাত্রীর বিদ্যালয়ে না যাবার অন্যতম কারণ হলো তাদের অভিভাবকদের দারিদ্র্যতা।

CLASS-I-V-EMPLOYEE-(-06-)